**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 26.02.2025** **Desk in Charge : SDG**
**Time : 7.50 PM** **Compiling & NR : S. BASU**
**DEO : KB**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১/ প্রাথমিকে শিক্ষক নিয়োগ মামলায় CBI-এর চার্জশিটে উল্লেখ থাকা কথোপকথনে প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় এবং তৃণমূল কংগ্রেস বিধায়ক মানিক ভট্টাচার্যের নামের পাশাপাশি জনৈক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের উল্লেখকে কেন্দ্র করে রাজনৈতিক তরজা শুরু হয়েছে।

# রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে সিবিআই, তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে জড়িয়ে দিতে চাইছে বলে তাঁর আইনজীবী সঞ্জয় বসু এক বিবৃতিতে অভিযোগ করেছেন।

২/ বিজেপি, চা চাষের জন্য ব্যবহৃত জমির ৩০শতাংশ অন্য কাজে ব্যবহারের অনুমতি প্রদানের বিরোধিতা করে রাজ্যপালের হস্তক্ষেপ পেয়েছে।

৩/ দলের সাংগঠনিক অবস্থা খতিয়ে দেখার পাশাপাশি আগামী বছর বিধানসভা নির্বাচনের আগে দলীয় নেতাদের কাছে বেশ কিছু সাংগঠনিক বার্তা পৌঁছে দিতে নেতৃত্বের সঙ্গে আগামীকাল বৈঠকে বসছেন তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

৪/ মহা শিবরাত্রি উপলক্ষ্যে রাজ্যের শৈব ক্ষেত্রগুলিতে জনসমাগম। মহাকুম্ভে আজ'ই শেষ অমৃত স্নান।

৫/ ISL ফুটবলে যুবভারতী ক্রীড়াঙ্গণে ইস্টবেঙ্গল, হায়দ্রাবাদ এফ সি-র মুখোমুখি হয়েছে।

*******************************************************************

প্রাথমিকে শিক্ষক নিয়োগ মামলার অন্যতম অভিযুক্ত সুজয়কৃষ্ণ ভদ্রের বিরুদ্ধে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা- CBI এর চার্জশিট দেওয়াকে কেন্দ্র করে রাজনৈতিক তরজা শুরু হয়েছে।

চার্জশিটে সুজয়কৃষ্ণ-সহ কয়েক জনের কথোপকথনের একটি অডিয়ো ক্লিপের কথা উল্লেখ করা হয়েছে বলে সূত্রের খবর। সেখানে প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় এবং তৃণমূল বিধায়ক মানিক ভট্টাচার্যের নামের পাশাপাশি জনৈক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নামও শোনা গিয়েছে। অডিয়ো ক্লিপটির 'সত্যতা' যাচাই করার জন্য সেটি সেন্ট্রাল ফরেন্সিক সায়েন্সেস ল্যাবরেটরিতে পাঠিয়েছে সিবিআই। পাশাপাশি, সুজয়কৃষ্ণ এবং মামলার অপর দুই অভিযুক্ত কুন্তল ঘোষ এবং শান্তনু বন্দ্যোপাধ্যায়ের কণ্ঠস্বরের নমুনা দিল্লিতে পাঠানো হয়েছে পরীক্ষার জন্য। সাক্ষীদের মধ্যে কয়েকজন ওই অডিয়োর সত্যতা স্বীকার করেছেন বলে সিবিআই সূত্রের খবর।

সিবিআই চার্জশীটে উল্লেখ থাকা জনৈক অভিষেক বন্দ্যোপাধ্যায় আসলে কে, তা সবাই জানেন বলে বিজেপির সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় মন্তব্য করেছেন। সেটিং নিয়ে বিরোধীদের মন্তব্যেরও জবাব দিয়েছেন তিনি।

( বাইট- জগন্নাথ )

প্রাথমিকে শিক্ষক নিয়োগের দুর্নীতি মামলায় সিবিআই রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে জড়িয়ে দিতে চাইছে বলে তাঁর আইনজীবী সঞ্জয় বসু অভিযোগ করেছেন। সংবাদ মাধ্যমককে দেওয়া এক বিবৃতিতে তিনি জানান, ইডি হোক বা সিবিআই, দুই কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা যখনই তাঁর মক্কেলকে ডেকেছেন তখনই তিনি হাজিরা দিয়েছেন। প্রয়োজনীয় নথিও জমা দিয়েছেন। তারপরও যেভাবে ভিত্তিহীন অভিযোগ আনা হচ্ছে, তা থেকে স্পষ্ট অভিষেককে রাজনৈতিক কারণে বারে বারে হেনস্থা করা হচ্ছে।

*********************

তৃণমূল কংগ্রেসের কৃষ্ণনগরের সাংসদ মহুয়া মৈত্র, দলেরই বিধায়ক মানিক ভট্টাচার্য-এর সমালোচনা করেছেন। আজ পলাশী পড়ার বারনিয়ায় এক কর্মী সভায় মহুয়া বলেন, যারা দলকে কালিমালিপ্ত করছেন, তাঁদের বিরুদ্ধে দলের ব্যবস্থা নেওয়া উচিত।

**********************

বিজেপি চা চাষের জন্য ব্যবহৃত জমির ৩০ শতাংশ অন্য কাজে ব্যবহারের অনুমতি দেবার রাজ্য সরকারের সিদ্ধান্তের বিরোধিতা করে রাজ্যপালের হস্তক্ষেপ চেয়েছে। দলের সাংসদ রাজু বিস্তা সহ দার্জিলিং-এর নেতাদের এক প্রতিনিধিদল আজ রাজভবনে রাজ্যপালের সঙ্গে দেখা করেন। শ্রী বিস্তা জানিয়েছেন, চা চাষের জন্য ব্যবহৃত জমির ৩০শতাংশ হোটেল, জলবিদ্যুৎ প্রকল্প ও বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের অনুমতি দেওয়ায় প্রায় আড়াই লক্ষের বেশি চা শ্রমিকের জীবিকা বিপদের সম্মুখীন। বাস্তুচ্যুত হতে পারেন দার্জিলিং, তরাই ও ডুয়ার্স অঞ্চলের আদিবাসী সম্প্রদায়ের মানুষ। তাই এই নীতি কার্যকর করা রুখতে রাজ্যপালের কাছে হস্তক্ষেপ এবং নীতির বৈধতা পুনর্বিবেচনার আবেদন জানানো হয়েছে। রাজ্যপাল প্রয়োজনীয় পদক্ষেপের আশ্বাস দিয়েছেন বলে শ্রী বিস্তা জানিয়েছেন।

**********************

দলের সাংগঠনিক অবস্থা খতিয়ে দেখার পাশাপাশি আগামী বছর বিধানসভা নির্বাচনের আগে দলীয় নেতাদের কাছে বেশ কিছু সাংগঠনিক বার্তা পৌঁছে দিতে নেতৃত্বের সঙ্গে বৈঠকে বসতে চলেছেন তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

আগামীকাল কলকাতার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামের এই বৈঠকে দলের সর্বস্তরের নেতাদের থাকতে বলা হয়েছে। বৈঠকে দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ও রাজ্য সভাপতি সুব্রত বক্সী ছাড়াও থাকবেন, জেলা সভাপতি, বিধায়ক, সাংসদ, ব্লক, মহকুমা, পুরসভা ও পঞ্চায়েতের জনপ্রতিনিধিরা। বৈঠকে মুখ্যমন্ত্রী সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা যাতে সহজে সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়া যায়, সেই বার্তা দেবেন বলে মনে করা হচ্ছে। পাশাপাশি সংগঠনের বিভিন্ন স্তরে হতে পারে বেশ কিছু রদবদল।

আগামীকালের সভায় রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে প্রায় ১৯ হাজার কর্মী যোগ দেবেন বলে দলীয় সূত্রে জানা গেছে। লাইভ সম্প্রচারের জন্য প্রতিটি বুথে জায়ান্ট স্ক্রিনের ব্যবস্থা'ও থাকবে।

**********************

রাজ্যের সব সরকারি মেডিক্যাল কলেজে বাৎসরিক উৎসব বা ফেস্ট-এর আয়োজনের জন্য রাজ্য সরকারের দু'কোটি টাকা অনুদান দেওয়ার ঘোষণাকে চ্যালেঞ্জ করে আদালতে মামলা দায়ের হয়েছে।

প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম এবং বিচারপতি চৈতালি চট্টোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চ আবেদনকারী এক আইনজীবিকে মামলার অনুমতি দিয়েছেন। আগামীকাল শুনানির সম্ভাবনা রয়েছে। গত সোমবারই রাজ্যের সব সরকারি মেডিক্যাল কলেজে বাৎসরিক উৎসব করার জন্য দু'কোটি টাকা অনুদানের কথা ঘোষণা করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

**********************

আজ মহাশিবরাত্রি। সকাল থেকেই হুগলীর তারকেশ্বর, জলপাইগুড়ির জল্পেশ, কোচবিহারের বানেশ্বর সহ বিভিন্ন শৈব তীর্থে অগণিত ভক্ত সমাগম হয়েছে। পঞ্জিকা মতে সকাল ৯ টা ৪২ মিনিটের পর শুরু হয়েছে চতুর্দশী তিথি। কিন্তু তার আগে ভোর থেকেই সুসজ্জিত মন্দিরগুলিতে চলে বিশেষ পুজোপাঠ। পুণ্যার্থীরা উপবাসী থেকে রাতভর প্রহরে প্রহরে শিবের মাথায় জল ঢালবেন।

তারকেশ্বরে এই উপলক্ষে প্রচুর ভক্ত বাঁক কাঁধে নিয়ে ভিড় করেছেন।

জল্পেশে শুরু হয়েছে ঐতিহ্যবাহী মেলা। চলবে টানা ১০ দিন।

মুর্শিদাবাদের বহরমপুরেও পাতালেশ্বর, ব্যাসপুর ও সীমান্তের সাগরপাড়ায় আজ শিবরাত্রির বিশেষ পুজোর আয়োজন করা হয়েছে।

এদিকে আজ মহাশিবরাত্রিতে এরাজ্যে গঙ্গা সহ বিভিন্ন নদনদীর ঘাটে ঘাটে চলেছে পুণ্যস্নান। হুগলীর ত্রিবেণীতে আজ'ও হাজার হাজার মানুষ স্নান করছেন।

এদিকে, মহাকুম্ভে এপর্যন্ত প্রায় ৬৫ কোটি পুণ্যার্থী পুণ্যস্নান সেরেছেন।

একটি প্রতিবেদন- ( ভিসি- শঙ্করদা )

**********************

কুম্ভ থেকে ফেরার পথে আজ সকালে পশ্চিমবঙ্গে দুর্ঘটনার কবলে পড়লো তীর্থযাত্রীবোঝাই বাস। পূর্ব বর্ধমানের গলসির বড়োমুড়িয়া মোড়ে ১৯ নম্বর জাতীয় সড়কে আজ সকালে দুর্ঘটনাটি ঘটে । ঘটনায় বাসের চালক সহ কমবেশি ২৮ জন তীর্থযাত্রী আহত হয়েছেন। ট্রাভেলার গাড়ি করে উত্তর ২৪ পরগণার বসিরহাটে ফিরছিলেন তীর্থযাত্রীরা।

**********************

এবছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় মোট ৫ লক্ষ ৯ হাজার পরীক্ষার্থী পরীক্ষায় বসছেন। ছাত্রদের তুলনায় ছাত্রীর সংখ্যা ৪৭ হাজার ৬৭১ জন বেশি। উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য আজ এক সাংবাদিক বৈঠকে বলেন ২০২৩ সালে যারা মাধ্যমিক পরীক্ষায় পাশ করেছিলেন এবার পরীক্ষার্থীর সংখ্যা তার থেকে প্রায় ৫৫ হাজার কম। সকাল দশটায় পরীক্ষা শুরুর পাঁচ মিনিট আগে পরীক্ষার্থীদের সামনে প্রশ্নপত্র খোলা হবে বলে তিনি জানিয়েছেন। তেইশটি জেলার মোট দুই হাজার ৮৯টি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা নেওয়া হবে। ১৩৬টি কেন্দ্রকে স্পর্শকাতর হিসাবে চিহ্নিত করা হয়েছে। ৫২৮ জন বিশেষ ভাবে সক্ষম পরীক্ষার্থী রাইটার এবং অতিরিক্ত সময় নিয়ে পরীক্ষা দেবেন। পরীক্ষায় জন্যে পর্ষদের তরফে একটি হেল্পলাইন নম্বর চালু করা হয়েছে যার নম্বর ০৩৩-২৩৩৭০৭৯২।

উল্লেখ্য, রেগুলার কোর্সে এইবারই শেষ বছরের জন্যে উচ্চমাধ্যমিক পরীক্ষা নেওয়া হচ্ছে। আগামী বছর থেকে পরীক্ষা হবে সেমেস্টার ব্যবস্থায়।

**********************

বিশ্বকর্মা পুজোর ছুটি বাতিল করে ঈদের দুদিন ছুটির নোটিশ জারিকে কেন্দ্র করে কলকাতা পুরসভার শিক্ষা বিভাগের এক আধিকারিককে ‘শো কজ’ করেছে কর্তৃপক্ষ। কলকাতা পুর এলাকায় হিন্দি এবং উর্দুভাষী স্কুলগুলির জন্য ছুটির ওই তালিকা প্রকাশ করা হয়েছিল বলে জানা গেছে।

বিষয়টি নিয়ে শুরু হয় বিতর্ক। রাজ্য সরকারের ছুটির তালিকা অনুযায়ী পুরসভার স্কুলগুলিতেও ছুটির তালিকা তৈরী হয়। এক্ষেত্রে তা' মানা হয়নি বলে অভিযোগ বিরোধীদের।

বিজেপি, এই বিজ্ঞপ্তির সমালোচনা করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এক ভিডিও বার্তায় বলেছেন, রাজ্য সরকার যেভাবে তোষণের রাজনীতি করছে, তাতে এটাই স্বাভাবিক ঘটনা।

( বাইট- সুকান্ত/ পুর স্কুলে ছুটি )

অন্যদিকে, CPIM-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেছেন, পুরসভার অপদার্থতার কারণেই এই স্কুলগুলো সম্পর্কে মানুষের আগ্রহ কমছে।

মেয়র ফিরহাদ হাকিম জানিয়েছেন, এরকম ঘটনা কেন ঘটলো, তা' খতিয়ে দেখা হবে।

**********************

অধ্যাপক ডাঃ মুকুল ভট্টাচার্য পশ্চিমবঙ্গ স্বাস্থ্য বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হিসেবে নিযুক্ত হলেন । তিনি এসএসকেএম হাসপাতালে অস্থিশল্য বিভাগে প্রধান অধ্যাপক হিসেবে কর্মরত। স্বাস্থ্যসচিব নারায়ণস্বরূপ নিগম এই মর্মে এক আদেশনামা জারি করেছেন। ডাঃ মুকুল ভট্টাচার্য আগামী তিন বছর পশ্চিমবঙ্গ স্বাস্থ্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব সামলাবেন।

**********************

দক্ষিণ ২৪ পরগণার সুন্দরবন এলাকায় ভূ-গর্ভস্থ জলে নোনাভাব কমানোর লক্ষ্যে বিভিন্ন স্বনির্ভর গোষ্ঠীর সদস্যরা বৃষ্টির জল ধরে রাখতে উদ্যোগী হয়েছেন। এই জল চাশের কাজেও ব্যবহার করা যেতে পারে বলেও মনে করছেন তাঁরা।

**********************

যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল, হায়দ্রাবাদ এফসি-র মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে খেলা গোলশূণ্য।

ইস্টবেঙ্গল ২১ ম্যাচে ২৪ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার অষ্টম স্থানে আছে।সমসংখ্যক ম্যাচে হায়দ্রাবাদ এফ সি ১৭ পয়েন্ট নিয়ে দ্বাদশ স্থানে রয়েছে।

***********************

ভারতীয় ফুটবলের কিংবদন্তী শৈলেন মান্নার প্রয়াণ দিবসে আজ তাঁকে যথোচিত মর্যাদায় স্মরণ করা হচ্ছে। ৪০ থেকে ৬০ –এর দশক পর্যন্ত মোহনবাগান এবং পরে কিছুদিন ইস্টবেঙ্গল ক্লাবে খেলেছেন তিনি। তাঁর অধিনায়কত্বে ভারত ১৯৫১ সালের এশিয়াডে ফুটবলে স্বর্ণপদক পায়।

**************************************************************